



এককভাবে জয়লাভে বিশ্বাসী, জামায়াতের সাথে ঐক্য নয়: রয়টার্সকে তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: রয়টার্স

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান জানিয়েছেন, জামায়াতে ইসলামীর সঙ্গে সরকার গঠনের কোনো পরিকল্পনা নেই। তিনি নির্বাচনে এককভাবে জয়লাভের ব্যাপারে আত্মবিশ্বাসী।

শুক্রবার রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, “আমার রাজনৈতিক প্রতিপক্ষের সঙ্গে সরকার কিভাবে গঠন করবো? বিরোধী দল থাকবে কে?” তার বক্তব্যে স্পষ্ট, বিএনপি নিজের শক্তি দিয়ে নির্বাচনে এগোবে।

তারেক রহমানের সহযোগীরা জানাচ্ছেন, নির্বাচনে ৩০০ আসনের দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভের বিষয়ে তারা আশাবাদী। এর মধ্যে ২৯২টি আসনে বিএনপি মনোনীত প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছেন, বাকি আসনে জোটের শরিকরা অংশ নিচ্ছে। তবে নির্দিষ্ট সংখ্যা তিনি প্রকাশ করেননি, বলেন, “সরকার গঠনের জন্য পর্যাপ্ত আসন আমাদের হাতে থাকবে।”

সব জরিপে বিএনপির জয়ের পূর্বাভাস থাকলেও জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের কাছ থেকে শক্ত প্রতিদ্বন্দ্বিতা হবে। এই জোটে রয়েছে জাতীয় নাগরিক পার্টিসহ তরুণ নেতৃত্বাধীন দলগুলো, যারা শেখ হাসিনাবিরোধী আন্দোলন থেকে উঠে এসেছে।



World Business Markets Sustainability Legal Commentary Technology Investigations More

Exclusive: Bangladesh PM front-runner rejects unity government offer, says his party set to win

By Tore Agarwala, Krishna N. Des and Ruma Paul
February 6, 2026 11:02 PM GMT+6 - Updated 7 hours ago



Chairman of the Bangladesh Nationalist Party (BNP) Tarique Rahman gestures during an interview with Reuters ahead of the national election, at his Gulshan office, in Dhaka, Bangladesh, February 6, 2026. REUTERS/Mohammad Poner Hossain Purchase Location Rights

Summary

দেশের আন্তর্জাতিক সম্পর্ক ও বিনিয়োগ নিয়ে প্রশ্নে তারেক বলেন, “প্রায় ১৭ কোটি ৫০ লাখ মানুষের দেশের অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করতে সক্ষম অংশীদারের সঙ্গে বন্ধুত্ব হবে। নির্দিষ্ট কোনো দেশের সঙ্গে নয়। আমাদের লক্ষ্য তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা, ব্যবসা-বাণিজ্য প্রসার করা এবং মানুষ ভালোভাবে জীবনযাপন করতে পারবে এমন ব্যবস্থা করা।”

শেখ হাসিনার সন্তানদের রাজনীতিতে অংশগ্রহণের বিষয়ে তিনি মন্তব্য করেন, “যদি জনগণ গ্রহণযোগ্য মনে করে, তারা রাজনীতিতে যোগ দেওয়ার অধিকার রাখে।”